# পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) আইন, ২০১২

## ২০১২ সনের ২৯ নং আইন

[১০ জুলাই, ২০১২]

**পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ সম্পর্কে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

**১**। (১) এই আইন পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

**২**। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "তফসিল" অর্থ এই আইনের তফসিল;

(খ) "পাবলিক বিশ্ববিদ্যালয়" অর্থ তফসিলে বর্ণিত কোন বিশ্ববিদ্যালয়; এবং

(গ) "শিক্ষক" অর্থ পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক।

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ

**৩**। আপাততঃ বলবৎ অন্য কোন আইন, অধ্যাদেশ, রাষ্ট্রপতির আদেশ, বিশ্ববিদ্যালয় সংবিধি, বিধি, প্রবিধি, উপ-আইন অথবা আইনের ক্ষমতাসম্পন্ন কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক ৬৫ (পঁয়ষট্টি) বৎসর বয়স পূর্তিতে চাকুরি হইতে অবসর গ্রহণ করিবেন।

তফসিল সংশোধনের ক্ষমতা

**৪**। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

## তফসিল
## [ধারা ২(ক) দ্রষ্টব্য]

| | |
|---|---|
| ১. | The Agricultural University Ordinance, 1961 (Ordinance No. XXVIII of 1961) এর অধীন স্থাপিত The Bangladesh Agricultural University; |
| ২. | The Engineering and Technological University Ordinance, 1961 (Ordinance No. XXXVI of 1961) এর অধীন স্থাপিত The Bangladesh University of Engineering and Technology; |
| ৩. | The Dhaka University Order, 1973 (President's Order No. 11 of 1973) এর অধীন স্থাপিত The University of Dhaka; |
| ৪. | The Rajshahi University Act, 1973 (Act No. XXVI of 1973) এর অধীন স্থাপিত The University of Rajshahi; |
| ৫. | The Chittagong University Act, 1973 (Act No. XXXIII of 1973) এর অধীন স্থাপিত The University of Chittagong; |
| ৬. | The Jahangirnagar University Act, 1973 (Act No. XXXIV of 1973) এর অধীন স্থাপিত The University of Jahangirnagar; |
| ৭. | ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ (১৯৮০ সনের ৩৭ নং আইন) এর অধীন স্থাপিত ইসলামী বিশ্ববিদ্যালয়; |
| ৮. | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ১৫ নং আইন) এর অধীন স্থাপিত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ৯. | খুলনা বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৫৪ নং আইন) এর অধীন স্থাপিত খুলনা বিশ্ববিদ্যালয়; |
| ১০. | জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৭ নং আইন) এর অধীন স্থাপিত জাতীয় বিশ্ববিদ্যালয়; |
| ১১. | বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৩৮ নং আইন) এর অধীন স্থাপিত বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়; |
| ১২. | বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১ নং আইন) এর অধীন স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়; |
| ১৩. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর অধীন স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়; |

| | |
|---|---|
| ১৪. | হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৫ নং আইন) এর অধীন স্থাপিত হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ১৫. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৬ নং আইন) (গোপালগঞ্জ) এর অধীন স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ১৬. | মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৭ নং আইন) এর অধীন স্থাপিত মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ১৭. | পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৩৮ নং আইন) এর অধীন স্থাপিত পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ১৮. | নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪১ নং আইন) এর অধীন স্থাপিত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ১৯. | পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৩ নং আইন) এর অধীন স্থাপিত পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ২০. | যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৪ নং আইন) এর অধীন স্থাপিত যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ২১. | শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ (২০০১ সনের ৪৬ নং আইন) এর অধীন স্থাপিত শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়; |
| ২২. | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ (২০০৩ সনের ৩১ নং আইন) এর অধীন স্থাপিত চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ২৩. | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ (২০০৩ সনের ৩২ নং আইন) এর অধীন স্থাপিত রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ২৪. | খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ (২০০৩ সনের ৩৩ নং আইন) এর অধীন স্থাপিত খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়; |
| ২৫. | ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর আইন, ২০০৩ (২০০৩ সনের ৩৪ নং আইন) এর অধীন স্থাপিত ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর (Dhaka University of Engineering & Technology, Gazipur); |
| ২৬. | জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ (২০০৫ সনের ২৮ নং আইন) এর অধীন স্থাপিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়; |

| | |
|---|---|
| ২৭. | কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৭ নং আইন) এর অধীন স্থাপিত কুমিল্লা বিশ্ববিদ্যালয়; |
| ২৮. | জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ১৮ নং আইন) এর অধীন স্থাপিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়; |
| ২৯. | চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৩০ নং আইন) এর অধীন স্থাপিত চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়; |
| ৩০. | বরিশাল বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৬ নং আইন) এর অধীন স্থাপিত বরিশাল বিশ্ববিদ্যালয়; |
| ৩১. | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৬ (২০০৬ সনের ৪৭ নং আইন) এর অধীন স্থাপিত সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়; |
| ৩২. | বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর আইন, ২০০৯ (২০০৯ সনের ২৯ নং আইন) এর অধীন স্থাপিত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (Begum Rokeya University, Rangpur); |
| ৩৩. | বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩০ নং আইন) এর অধীন স্থাপিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্; |
| ৩৪. | বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ (২০১০ সনের ৪৯ নং আইন) এর অধীন স্থাপিত বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়; |